

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
রাজারহাট, কুড়িগ্রাম।

স্মারক নং : ১৩.০১.৪৯৭৭.০০২.৫৭.০০১.২৪.১১১

তারিখ : ০৬/০৩/২০২৫ খ্রি.

“খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি”

খাদ্য মন্ত্রণালয় সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ১৪/১০/২০২৪ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৭ নং স্মারক মূলে জারীকৃত পরিপত্র ও খাদ্যবান্ধব কর্মসূচী নীতিমালা-২০২৪ মোতাবেক ২৬/০২/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা খাদ্যবান্ধব কমিটির সিদ্ধান্ত অনুযায়ী রাজারহাট উপজেলায় ইউনিয়ন সমূহে আগামী ০৫ (পাঁচ) বছর খাদ্যবান্ধব কর্মসূচী পরিচালনার জন্য ০৭ টি ইউনিয়নে নিম্নলিখিত বিক্রয় কেন্দ্রে ২৮ (আটশ) টি ডিলারশীপ পরিচালনার জন্য নিম্নলিখিত শর্তে নতুন ডিলার নিয়োগ করা হবে। ডিলার নিয়োগ কল্পে রাজারহাট উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়ন সমূহের প্রকৃত খাদ্যশস্য লাইসেন্স প্রাপ্ত ব্যক্তির নিকট হতে নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	ডিলার সংখ্যা	বিক্রয় কেন্দ্রের স্থান	ক্রঃ নং	ইউনিয়নের নাম	ডিলার সংখ্যা	বিক্রয় কেন্দ্রের স্থান
১	ঘড়িয়ালডাঙ্গা	৫ জন	সরিষাবাড়ী বাজার, চায়না বাজার, সিংগারডাবরী বাজার, কামারপাড়া বাজার, কাশেম বাজার	৫	বিদ্যানন্দ	৩ জন	ডাংরার হাট বাজার, রত্নাম বাজার, সুখদেব বাজার
২	ছিনাই	৪ জন	ছিনাই হাট, চাঁদের বাজার, বৈদ্যের বাজার, একতার বাজার	৬	উমরমজিদ	৪ জন	রাজমাগী হাট, উমর মজিদ ফেডারেশন, ফরকেরহাট, বটতলী বাজার
৩	রাজারহাট	৪ জন	তালেরতল বাজার, রাজারহাট বাজার, আদর্শ বাজার, হরিশ্বর তালুক	৭	নাজিমখাঁন	৩ জন	নাজিমখাঁন বাজার উত্তর, নাজিমখাঁন বাজার দক্ষিণ, বাহরা বাজার
৪	চাকিরপাশা	৫ জন	ফুলখাঁরচাকলা বাজার, নাককাটির হাট, মিলের বাজার, চাকিরপাশার, রাজমহল সিনেমা হল	মোট		২৮ জন	


আবেদনের শর্তাবলী :

- খাদ্যবান্ধব ডিলার হিসেবে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদনকারীকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং আবেদনকারীকে অবশ্যই অত্র দপ্তর হইতে ফুডগ্রেইন খাদ্যশস্য ব্যবসায়ী লাইসেন্স গ্রহণ করতে হবে।
- আবেদনকারী রাজারহাট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং কমপক্ষে ১৮ বছর বয়স হতে হবে।
- যে ইউনিয়নের জন্য আবেদন করা হবে নিজ ইউনিয়ন পরিষদ কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে।
- আবেদনকারীর ব্যাংক স্বচ্ছলতার সনদপত্র থাকতে হবে।
- আবেদনকারীর দোকানের মেঝে পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে।
- আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫ (পনের) মেঃ টন খাদ্যশস্য সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে।
- আবেদনকারীর নিজস্ব দোকান হলে দোকানের মালিকানার কাগজপত্র এবং ভাড়ায় দোকান হলে দোকান ভাড়ার চুক্তিপত্র থাকতে হবে।
- আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র থাকতে হবে।
- খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত, কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ডিলার নিয়োগ করা যাবে না।
- একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না।
- কোন সরকারি কর্মচারি কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- একজন আবেদনকারী কেবলমাত্র একটি বিক্রয়কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন।
- নির্বাচিত ডিলারের নিকট থেকে ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা ফেরৎ যোগ্য জামানত (প্রে-অর্ডার আকারে) এবং ৩০০/- (তিনশত) টাকা নন জুডিসিয়াল স্টাম্প অঙ্গীকারনামা (পরিশিষ্ট খ) গ্রহণ করা হবে।
- উপজেলা খাদ্যবান্ধব কমিটির অনুমোদন ক্রমে এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো এবং কর্তৃপক্ষ যেকোন অংশ সংযোজন, বিয়োজন ও বাতিল করার ক্ষমতা রাখেন।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে এবং খাদ্যবান্ধব ডিলার নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

আবেদনের সহিত যে সকল কাগজপত্র সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে :-

- পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙ্গিন ছবি, ২) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, ৩) নাগরিকত্ব সনদের ফটোকপি, ৪) ট্রেড লাইসেন্স এর ফটোকপি, ৫) দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি, ৬) খাদ্য বিভাগ কর্তৃক খাদ্যশস্যের লাইসেন্স এর ফটোকপি, ৭) ব্যাংক সলভেন্সী সনদ ও ৬(ছয়) মাসের আর্থিক স্বচ্ছল থাকতে হবে, ৮) অঙ্গীকারনামা।

বিঃ দ্রঃ আহ্বাহী ব্যক্তিগণকে আগামী ০৯/০৩/২০২৫ খ্রি. তারিখ থেকে ২৫/০৩/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকার মধ্যে আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্রাদি একটি খামে সিল গালা করে দাখিল করতে হবে এবং খামের উপর নিজ নাম ঠিকানা ইউনিয়ন ও বিক্রয় কেন্দ্রের স্থান মোবাইল নম্বর উল্লেখ পূর্বক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজারহাট, কুড়িগ্রাম ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজারহাট, কুড়িগ্রামে নির্ধারিত বক্সে আবেদনপত্র দাখিল করার জন্য আহবান করা হলো।



(মোছাঃ মাসুদা বেগম)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চ.দা.)

রাজারহাট, কুড়িগ্রাম।

ও

সদস্য সচিব

উপজেলা খাদ্যবান্ধব কমিটি।